# আর্থিক অপব্যবহার সম্পর্কে।



## আর্থিক অপব্যবহার কি?

অর্থ-কড়ির প্রভাবের মাধ্যমে অন্য ব্যক্তির উপর ক্ষমতা ও নিয়ন্ত্রণ লাভের চেষ্টা করা হলে আর্থিক অপব্যবহার ঘটে থাকে। আর্থিক অপব্যবহার মানুষকে ন্যায়বিরুদ্ধ সম্পর্কের ফাঁদে ফেলতে পারে, এবং তারা সেখান থেকে বের হতে চাইলে নিজেকে নিরাপদে রাখার সিদ্ধান্তের উপরও প্রভাব ফেলতে পারে।

## এটা কতটা সাধারণ?

অস্ট্রেলিয়াতে, নারীদের মধ্যে ১৬% পর্যন্ত তাদের জীবদ্দশায় একবার আর্থিক অপব্যবহারের অভিজ্ঞতার সম্মুখীন হবেন[1], এবং পরুষেরাও এতে অনেকাংশে প্রভাবিত হতে পারে।

সবরকমের আর্থসামাজিক, জাতির এবং লিঙ্গের মানুষেরা আর্থিক অপব্যবহারের দ্বারা প্রভাবিত হতে পারে। প্রতিবন্ধী ব্যক্তিরা নিম্নলিখিত কারণে অর্থনৈতিক এবং আর্থিক নির্যাতনের বেশি ঝুঁকিতে থাকতে পারে, যেমন অন্যের উপর নির্ভরতা এবং পরমুখাপেক্ষিতা, অর্থসংক্রান্ত সংস্থানের অপ্রাতুলতা, সামাজিক নিরাপত্তা প্রদান করে এরকম পরিষেবা প্রাপ্তিতে প্রতিবন্ধকতা এবং অর্থ-ব্যবস্থাপনায় সীমিত অভিজ্ঞতা[2]।

সাধারণত আর্থিক অপব্যবহার নিয়ে কথা উঠলে অনেকেই বিব্রতবোধ করে এবং সমাচ্ছন্ন থাকে।

আর্থিক অপব্যবহারের লক্ষণগুলো শেখা গুরুত্বপূর্ণ, সাহায্যের জন্য কোথায় যেতে হবে, এবং কিভাবে ঝুঁকিপূর্ণ সম্ভাবনাময়ী পরিবারের সদস্য বা বন্ধুকে সহায়তা করা যায়। এসব কিছুই ক্ষতিগ্রস্ত ব্যক্তির আর্থিক স্বাধীনতা পুনরুদ্ধারে সহায়ক ভুমিকা রেখে থাকে।

## আর্থিক অপব্যবহারের শনাক্তকরণ

এত ব্যাপকতা থাকা সত্ত্বেও, আর্থিক অপব্যবহারের কারণ শনাক্ত করা কঠিন হতে পারে:

- অনেকে নিজের আর্থিকভাবে একটি আপত্তিকর সম্পর্কের মধ্যে থাকার ব্যাপারটিকে ব্যক্তিগতভাবে মেনে নিতে জটিলতায় থাকেন।
- অর্থের অপব্যবহারের সূত্রপাত অতিসূক্ষ্ম এবং সময়সাপেক্ষভাবে ধীরে অগ্রসর হয়ে থাকে ।
- কিছু কিছু সংস্কৃতিতে, একজন ব্যক্তিই পরিবারের সবকিছুর আর্থিক দেখভালের নিয়ন্ত্রণকে গ্রহণযোগ্য বলে বিবেচনা করা হয়।
- কখনও কখনও, অর্থ-কড়িকে একটি ব্যক্তিগত ব্যাপার হিসাবে দেখা হয় যা নিয়ে খোলাখুলি আলোচনা করা হয় না।

[1] কাটিন, রাসেল, রেইড (২০১৭), অস্ট্রেলিয়াতে ঘনিষ্ঠ অংশীদারদের মধ্যে আর্থিক অপব্যবহার: প্রাদুর্ভাব, স্বাস্থ্য-অবস্থা, অক্ষমতা এবং আর্থিক চাপ, অস্ট্রেলিয়ান এন্ড নিউজিল্যান্ড জার্নাল অফ পাবলিক হেলথ

[2] www.commbank.com.au/content/dam/commbank-assets/support/2021-09/unsw-disability-report-4.pdf

কমনওয়েলথ্ ব্যাংক অফ অস্ট্রেলিয়া ABN 48 123 123 124 AFSL এবং অস্ট্রেলিয়ান ক্রেডিট লাইসেন্স 234945।

## আর্থিক অপব্যবহারের কিছু লক্ষণ:

আপনি কি আর্থিক অপব্যবহার জনিত সম্পর্কে নিশ্চিত নন?
নিজেকে নিম্নলিখিত প্রশ্ন জিজ্ঞাসা করে দেখুন:

আপনার জীবনসঙ্গী কি কখনো আপনাকে কাজের সন্ধান পেতে বা কাজে যেতে বাধা দিয়েছে?

আপনাকে কি কখনও অর্থ উপার্জন করতে বা অর্জিত অর্থ ব্যয়ের ব্যাপারে চাপ প্রয়োগ করা হয়েছে?

আপনার জীবনসঙ্গী কি সন্তানাদির লালনপালন এবং তত্ত্বাবধানের খরচ দিতে অস্বীকৃতি জানিয়েছে?

আপনার জীবনসঙ্গী কি আপনার পরিবারের যাবতীয় আয়-ব্যয় নিয়ন্ত্রন করে?

আপনার জীবনসঙ্গী কি আপনার খরচের উপর নজরদারী করে বা শপিং এর সব রসিদ দেখতে চায়?

আপনি অর্থ-কড়ি চাওয়ার পরে কি কখনও প্রত্যাখ্যান করেছে অথবা নিজের বা সন্তানাদির মৌলিক খরচের জন্য কি অর্থ-কড়ি চাইতে হয়েছে?

পরিবারের জন্য আয়ের প্রদায়ক হিসেবে অবদান রাখতে গিয়ে আপনাকে কি কখনও বাধা দেয়া হয়েছে?

আপনাকে কি অর্থ-কড়ির বিনিময়ে কোন কাজ বা 'অনুগ্রহ' করতে বলা হয়েছে?

আপনার নাম ব্যবহারের করে কোন ক্রেডিট কার্ড বা ঋণ নিতে বাধ্য করা হয়েছে?

আপনার জীবনসঙ্গী কি তার নিজের এবং পরিবারের আর্থিক ব্যাপারগুলো গোপন রাখে?

মূখ্য আর্থিক সিদ্ধান্তের প্রণয়নে আপনার দেয়া মতামতগুলো কি উপেক্ষিত হয়?

পারিবারিক ব্যবসায়ে আপনাকে কি বিনা পারিশ্রমিকে কাজ করার জন্য চাপ দেয়া হয়েছে?

## কিভাবে সাহায্য পাবেন

আপনি বা আপনার পরিচিত কেউ আর্থিক অপব্যবহারের সম্মুখীন হলে, অথবা এসব ব্যাপারে অনিশ্চিত হলে, এরকম কিছু পরিষেবা আছে যা বিনামূল্যে পেতে পারেন। জরুরি অবস্থা হলে বা আপনি নিরাপদ বোধ না করলে, সবসময় **000** নম্বরে কল করুন।

- আমাদের সবিনয় পরামর্শ হচ্ছে, প্রথমত আপনি **1800RESPECT** এর সাথে **১৮০০ ৭৩৭ ৭৩২** নম্বরে কল করবেন। পরিষেবাটির সাথে কমনওয়েলথ্ ব্যাংকের সংশ্লিষ্ঠতা নেই যা গোপনে আর বিনামূল্যে পেতে পারেন।
- আপনার যদি একজন দোভাষী বা অনুবাদকের প্রয়োজন পরে, ট্রান্সলেটিং এন্ড ইন্টারপ্রেটিং সার্ভিসে (TIS National) **১৩১ ৪৫০** নম্বরে কল করে, নির্ধারিত ভাষা উল্লেখ করে 1800RESPECT এর সাথে ১৮০০ ৭৩৭ ৭৩২ নম্বরে সংযোগ করে দিতে বলবেন। TIS National এর এই সেবাটি বিনামূল্যে পাওয়া যায়।
- অন্যথায়, সরাসরি **1800RESPECT** এর সাথে **১৮০০ ৭৩৭ ৭৩২** নম্বরে কল করে দোভাষীর সাহায্য চাইতে পারেন। পরামর্শদাতা যাবতীয় ব্যবস্থা নিবেন।
- আচরণ সম্পর্কে আপনার কোনো উদ্বেগ থাকলে, এরকম কিছু পরিষেবা আছে যা গোপনে এবং বিনামূল্যে পেতে পারেন। মেন্স্ রেফারেল সার্ভিস-এ কল করুন **1300 766 491** নম্বরে অথবা অনলাইনে **ntv.org.au** -এ চ্যাট করুন।

সহায়তা সম্পর্কে আরো তথ্য জানতে, দেখুন **www.commbank.com.au/support/next-chapter**

আরও বিস্তারিত নির্দেশনার জন্য **CommBank website**-এ চিনতে পারা এবং পুনরুদ্ধার নির্দেশিকা (Recognise and Recover Guide) পড়ুন।